

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

স্মারক নং- ১২.০২.০০০০.০১৬.২৩.০০২.১২-০৫

তারিখঃ ০৩/০১/২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ 'উন্নয়ন মেলা- ২০১৭'-এ অংশগ্রহণ।

সূত্রঃ কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-৫ অধিশাখা হতে প্রাপ্ত ২১/১২/২০১৬ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০২৪.৯৯.০০১.১২.৬০৫(ক) সংখ্যক স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের আলোকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস-কে সামনে রেখে আগামী ৯-১১ জানুয়ারী' ২০১৭ খ্রিঃ তারিখে সারা দেশব্যাপী 'উন্নয়ন মেলা- ২০১৭' অনুষ্ঠিত হবে। সামগ্রিকভাবে বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনারগণ, জেলা পর্যায়ে জেলা প্রশাসকগণ এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ বিভাগ/জেলার/উপজেলার কার্যক্রম সমন্বয় সাধন করবেন। কৃষি মন্ত্রণালয়ের পক্ষে জেলা পর্যায়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক এবং উপজেলা পর্যায়ে উপজেলা কৃষি অফিসার কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য সংস্থার সমন্বয়কারী হিসেবে কাজ করবেন। কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলা পর্যায়ের মেলায় কৃষি মন্ত্রণালয়ের সকল সংস্থার কার্যক্রম সম্বলিত প্যাভিলিয়ন/স্টল থাকবে।

০২। উল্লিখিত 'উন্নয়ন মেলা-২০১৭'-এ কৃষি বিপণন অধিদপ্তরের বিভাগ/জেলা/উপজেলা অফিসসমূহ-কে অংশগ্রহণ পূর্বক বিগত বছরগুলোতে কৃষি বিপণন অধিদপ্তরের উল্লেখযোগ্য অর্জন/কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং অধিদপ্তরের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট পোস্টার, লিফলেট, হ্যান্ডবিল ও অন্যান্য প্রকাশনা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ কৃষি বিপণন অধিদপ্তরের বিগত ০৭ (সাত)
বছরের উল্লেখযোগ্য অর্জন।


(মোঃ মাহবুব আহমেদ)

মহাপরিচালক

e-mail: dg@dam.gov.bd

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।

০২। জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী (সকল), কৃষি বিপণন অধিদপ্তর,.....।